দৈনিক ইত্তেফাক

তারিখ 23 DEC 1992
পৃঃ ২ কলাম ৪

৩১

12

কিন্ডারগার্টেন

## ৭ দফা দাবী পূরণের আহ্বান

ইত্তেফাক রিপোর্ট ॥ গতকাল মঙ্গলবার জাতীয় প্রেসক্লাব আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে (শেষ পৃঃ ১৪-এর কঃ দ্রঃ)

## কিণ্ডারগার্টেন

( ১ম পৃঃ পর )

কিণ্ডার গার্টেন পরিচালক সমিতির সভাপতি আবদুল্লাহ আল নাসের প্রাথমিক শিক্ষা সংকট নিরসনে ৭ দফা দাবী বাস্তবায়নের জন্য সরকারের প্রতি আহ্বান জানান। ৭ দফা দাবীর মধ্যে রহিয়াছে : কিণ্ডার গার্টেন স্কুলের স্থগিত রেজিষ্ট্রেশন প্রথা অবিলম্বে চালু করা, সকল কিণ্ডার গার্টেন ও সমমনা স্কুলগুলিকে ১৯৯৩ শিক্ষা বছরে প্রথম হইতে পঞ্চম শ্রেণী পর্যন্ত বিনামূল্যের পাঠ্য পুস্তক সরবরাহ, কিণ্ডার গার্টেন ও সমমনা স্কুলগুলিতে কর্মরত সকল শিক্ষককে ভাতা প্রদান, কিণ্ডারগার্টেন ও সমমনা স্কুলের শিক্ষকদের সরকারীভাবে প্রশিক্ষণের ব্যবস্থা করা, কিণ্ডার গার্টেন স্কুলের জন্য বিশেষ মূল্যে খাস জমি বিক্রির ব্যবস্থা এবং সকল কিণ্ডার গার্টেন ও সমমনা স্কুলগুলিকে এসএসসি পরীক্ষায় অংশগ্রহণের অনুমতিদানের ব্যবস্থা করা।

সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন সমিতির সাধারণ সম্পাদক গোলাম নবী, সহ-সভাপতি আবদুর রাজ্জাক, মোঃ নাজমুল হক তালুকদার, আবদুল জব্বার, সেলিম রেজা, অধ্যক্ষা জোহরা আক্তার চৌধুরী এবং অধ্যক্ষা নূরজাহান হক।